যুগান্তর

তারিখ ... অক্টো. ৬-2006
পৃষ্ঠা 20 কলাম ৬....

# বেসরকারি শিক্ষকরা শতভাগ বেতন নগদেই পাচ্ছেন

যুগান্তর রিপোর্ট

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক
বর্ধিত ১০ শতাংশসহ শতভাগ বেতন নগ
পাচ্ছেন। চলতি সপ্তাহে এ সংক্রান্ত প্রজ্ঞা
জারি হতে পারে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ ত
জানা গেছে।
শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এ সম্প
যুগান্তরকে জানান, সরকারের প্রতিশ্রুতি থাক
শিক্ষকদের সুবিধার্থে বন্ড না দিয়ে নগ
শতভাগ বেতন দেয়ার প্রক্রিয়া চলছে। তা
সুবিধার স্বার্থে শেফার্ড পেমেন্ট (অর্থাৎ ছয় ম
পর শর্তে) দেয়া হবে।
সূত্র মতে, ১০ অক্টোবরের মধ্যে এ প্রজ্ঞা
জারি হওয়ার কথা ছিল। কিন্তু অর্থ মন্ত্রণা
থেকে ফাইল ছাড় হতে বিলম্ব হয়। গ
বৃহস্পতিবার ফাইল অর্থ মন্ত্রণালয় থেকে শি

পাচ্ছেন : পৃষ্ঠা ৭ : কলাম ৫

## পাচ্ছেন : বেতন

মন্ত্রণালয়ে এসেছে। শিক্ষামন্ত্রী ওইদিন
চারদিনের সফরে ইরান যান। শনিবার রা
মন্ত্রী ঢাকায় পৌঁছেন। আজ থেকে মন্ত্রী অফি
করবেন বলে জানা গেছে। এ সম্পর্কে শিক্ষ
কর্মচারী ঐক্যজোট চেয়ারম্যান অধ্যক্ষ সেলি
ভূঁইয়া যুগান্তরকে জানান, এ সপ্তাহের মধ
প্রজ্ঞাপন জারি হতেই হবে। কেননা সরকারে
মেয়াদ এ সপ্তাহেই শেষ। মন্ত্রী অফিস কর
দু'একদিনের মধ্যেও প্রজ্ঞাপন হতে পারে।
১০ শতাংশ বৃদ্ধি করে শতভাগ বেতন প্রদা
বাড়ি ভাড়া ও উৎসব ভাতা বৃদ্ধিসহ বিভিন্ন দা
বাস্তবায়নে গত ৬ জুন থেকে শিক্ষকরা লাগাতা
ধর্মঘট শুরু করেন। দীর্ঘ এক মাস ধর্মঘটের প
গত ৬ জুলাই শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারু
শতভাগ বেতন প্রদান, কর্মচারীদের চাকরিবি
প্রদানসহ বেশ কিছু উল্লেখযোগ্য দাবি পূরণে
ঘোষণা দেন। এসময় বর্ধিত ১০ শতাং
বেতনের নগদে ৫ শতাংশ ও সরকারি বন্ডে
মাধ্যমে ৫ শতাংশ প্রদানের সিদ্ধান্ত ে
সরকার। কিন্তু সরকারের মেয়াদকালে বন্ডে
মাধ্যমে বেতন প্রদান সম্ভব নয়। এ চিন্তা ক
সরকার নগদেই শতভাগ বেতন প্রদানের সিদ্ধা
নিয়েছে।